



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
গাজীপুর

স্মারক নং: (০-৫)জাতী.বি./পনি দপ্তর/২০২২/৭৫/৮৪৪

তারিখ: ০১/০৬/২০২৩

## TMIS ডাটা বেইজ এ প্রযোজনীয় সংশোধন, সংযোজন, বিয়োজন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয়গণকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাটা বেইজ TMIS এ অন্তর্ভুক্ত আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষকের নাম, পদবী, যোগদানের তারিখ, জন্ম তারিখ, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, অনলাইন সোনালী ব্যাংক হিসাব নম্বর ইত্যাদি তথ্য সংশোধন এবং হালনাগাদ করার জন্য বারবার বিজ্ঞপ্তি প্রকাশ করা সত্ত্বেও TMIS এ ভুল এবং অসত্য তথ্য থাকার অভিযোগ পাওয়া যায়। সংশ্লিষ্ট কলেজের TMIS তালিকায় শিক্ষক নয় এমন কোন ব্যক্তির নাম থাকলে, একাধিক TMIS আইডি থাকলে, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত নয় এমন কোন কোর্স এর শিক্ষকের নাম থাকলে (যেমন- বিএম শাখার শিক্ষক, এইচএসসি/সমমান শিক্ষক, লাইব্রেরিয়ান, ডেমোনেস্ট্রেটর ইত্যাদি) এবং বর্তমানে সংশ্লিষ্ট কলেজে নাই এমন শিক্ষক এর নাম থাকলে তা বাতিল বা সংশোধনের জন্য tmis@nu.ac.bd এ ই-মেইল প্রেরণের মাধ্যমে জানাতে হবে। আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রযোজনীয় সংশোধনের ই-মেইল পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে, সংশ্লিষ্ট কলেজের TMIS ডাটার অধ্যক্ষসহ সকল শিক্ষকের তথ্য সঠিক এবং হালনাগাদ রয়েছে। পরবর্তীতে কোন ভুল তথ্য পাওয়া গেলে তার সকল দায়-দায়িত্ব কলেজ কর্তৃপক্ষের উপর বর্তাবে। উল্লেখ্য যে, বেসরকারী কলেজ/ইনসিটিউট এ কর্মরত শিক্ষকগণের পদবী সংশোধনের ক্ষেত্রে প্রত্যেককে আলাদাভাবে আবেদন করতে হবে এবং আবেদনের সাথে নিয়োগ ও যোগদানপত্র, এমপিও শিটের কপি, অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়নপত্র, গভর্ণিৎ বড়ির সিদ্ধান্ত ইত্যাদি প্রমাণক সংযুক্ত করে উল্লিখিত ই-মেইলে প্রেরণ করতে হবে। TMIS আইডি এর মাধ্যমে পরীক্ষা সংক্রান্ত সকল গোপনীয় কাজ এবং এর সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করা হয় বিধায় এর তথ্য যথাযথ এবং হালনাগাদ থাকা অত্যন্ত জরুরী। TMIS সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য সংশ্লিষ্ট কলেজের ভেরিফাইড ই-মেইল হতে উল্লিখিত ই-মেইলে অনুরোধ করা হলে তা দ্রুত সম্পন্ন করা হবে। উল্লেখ্য, কলেজ ই-মেইলে অধ্যক্ষ মহোদয়ের সুপারিশ ছাড়া কোন ধরণের সংশোধন, সংযোজন বা বিয়োজন করা হবে না এবং উল্লিখিত দাঙ্গরিক ই-মেইল এড্রেস ব্যৱহৃত হাতে হাতে বা ডাক ঘোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ভাইস-চ্যাম্পেল মহোদয়ের অনুমোদনক্রমে,

(বদরজামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনং ০২-৯৯৬৬৯১৫১৭